গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
বহিরাগমন শাখা-১
**website: www.ssd.gov.bd**

স্মারক নং-৫৮.০০.০০০০.০৪০.০৫.০০১.১৭-১০৬২

তারিখ ঃ ০৯ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ। / ২৩ মে, ২০১৭ খ্রিঃ।

## পরিপত্র

বিষয় ঃ **অফিসিয়াল পাসপোর্ট ইস্যু প্রসঙ্গে।**

অফিসিয়াল পাসপোর্ট ইস্যু সংক্রান্ত এ মন্ত্রণালয়ের স্মারক নং-৪৪.০০.০০০০.০৩৮.০১.০০১.১১.৭৬৬ তারিখ ২৪ মার্চ, ২০১৬ খ্রিঃ এর মাধ্যমে জারীকৃত পরিপত্রটির 'ক' অনুচ্ছেদ নিম্নরূপভাবে সংশোধন করা হলো ঃ

(i) সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/অধঃস্তন অফিসে কর্মরত সরকারি কর্মকর্তা/কর্মচারী যারা সরকারি আদেশ (GO)এর ভিত্তিতে সরকারি কাজে বিদেশ ভ্রমন করবেন;

(ii) স্বায়ত্বশাসিত সংস্থা/রাষ্ট্রায়ত্ত কর্পোরেশনে কর্মরত জাতীয় বেতন স্কেলের উর্ধ্বতন স্তর থেকে নিম্নতম ৯ম গ্রেড পর্যন্ত বেতনভূক্ত কর্মকর্তা যারা সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সরকারি আদেশ (GO)এর ভিত্তিতে সরকারি কাজে বিদেশ গমন করবেন;

(iii) বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্ণর থেকে নিম্নতম ৯ম গ্রেড পর্যন্ত বেতনভূক্ত কর্মকর্তা যারা সরকারি আদেশ (GO)এর ভিত্তিতে সরকারি কাজে বিদেশ গমন করবেন;

(iv) জাতীয় সংসদের মাননীয় স্পিকার, সুপ্রিম কোর্টের মাননীয় প্রধান বিচারপতি, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান এর অনুমোদনক্রমে ইস্যুকৃত সরকারি আদেশ (GO)এর ভিত্তিতে যে সব কর্মকর্তা/কর্মচারী সরকারি কাজে বিদেশ গমন করবেন;

(v) বিশেষ আইন, অধ্যাদেশ/আদেশে প্রতিষ্ঠিত বিভিন্ন কমিশন/অথরিটি-তে কর্মরত জাতীয় বেতন স্কেলের উর্ধ্বর্তন স্তর থেকে নিম্নতম ৯ম গ্রেড পর্যন্ত বেতনভূক্ত কর্মকর্তা যারা সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সরকারি আদেশ (GO)এর ভিত্তিতে সরকারি কাজে বিদেশ গমন করবেন, তাদের বিনা ফি-তে (i-v পর্যন্ত) এবং

(vi) উপরোক্ত কর্মকর্তা/কর্মচারীগণের সরকারি আদেশ (GO) এর ভিত্তিতে চিকিৎসা, পবিত্র হজ্জ্ব পালন, তীর্থস্থান ভ্রমণের ক্ষেত্রে ফি গ্রহণ সাপেক্ষে অফিসিয়াল পাসপোর্ট ইস্যু করা হবে;

(vii) অন্যান্যদের সরকারি কাজে বিদেশ গমণের ক্ষেত্রে সরকারি আদেশ (GO) এর ভিত্তিতে বিনা ফি-তে এবং সকলের ক্ষেত্রে ব্যক্তিগত কাজে বিদেশ ভ্রমণের ক্ষেত্রে ইস্যুকৃত সরকারি আদেশ বা কর্তৃপক্ষের অনাপত্তি সনদের (NOC) এর ভিত্তিতে ফি গ্রহণ সাপেক্ষে সাধারণ পাসপোর্ট ইস্যু করা হবে।

২। জনস্বার্থে এ পরিপত্র জারী করা হ'ল এবং উপরিউক্ত সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

২৩/৫/১৭

(মুহাম্মদ আবদুর রউফ মিয়া)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৪৫২০
**E-mail:sasimmig1@mha.gov.bd**

স্মারক নং-৫৮.০০.০০০০.০৪০.০৫.০০১.১৭-১০৬২

তারিখ ঃ ০৯ জ্যৈষ্ঠ, ১৪২৪ / ২৩ মে, ২০১৭

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
০৩। গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
০৪। **সিনিয়র সচিব/সচিব ........................................................................... ...........মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।**
০৫। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
০৬। মহাপরিচালক, ডিজিএফআই, ঢাকা সেনানিবাস, ঢাকা।
০৭। মহাপরিচালক, এনএসআই, সেগুনবাগিচা, ঢাকা।
০৮। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৯। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, এসবি, মালিবাগ, ঢাকা।
১০। প্রকল্প পরিচালক, এমআরপি এন্ড এমআরভি, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।

**অনুলিপি (অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো) ঃ**

০১। অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব (প্রশাসন), জননিরাপত্তা/সুরক্ষা সেবা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনস্থ সকল সংস্থা/দপ্তরসমূহকে অবহিতকরণের অনুরোধসহ)।
০৩। যুগ্ম সচিব (বহিরাগমন), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা/সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০৬। উপ সচিব, প্রশাসন-২, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (পরিপত্রটি সুরক্ষাসেবা বিভাগ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

২৩/৫/১৭

(মুহাম্মদ আবদুর রউফ মিয়া)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৪৫২০
E-mail:sasimmig1@mha.gov.bd